

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সিভিল সার্জনের কার্যালয়,  
বিনাইদহ।  
[jhenaidah@cs.dghs.gov.bd](mailto:jhenaidah@cs.dghs.gov.bd)

স্মারক নং সিএস/ বিনাই/শা- ডি.এইচ. এস/২০১৭/

তারিখ- /০২/২০১৭ ইং।

জেলা কোয়ালিটি ইমপ্রুভমেন্ট কমিটি (QIC) এর ৩য় সভার কার্যবিবরণী।

স্থান : সিভিল সার্জনের অফিস কক্ষ।

তারিখ- ৯/২/২০১৭

সময়- সকাল ১০.০০ ঘটিকা

অদ্য ইং ০৯/২/২০১৭ তারিখ সকাল ১০.০০ ঘটিকার সময় সিভিল সার্জন এর সভাপতিত্বে জেলা QIC এর ৩য় সভা অনুষ্ঠিত হয়। সিভিল সার্জন সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এবং নির্ধারিত তারিখে যথাসময়ে সভায় উপস্থিত হওয়ায় সকলকে আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করেন।

অতঃপর বিগত সভার কার্যবিবরণী অত্র কার্যালয়ের মেডিকেল অফিসার, ডাঃ প্রসেনজিৎ বিশ্বাস পাঠ করেন। পঠিত কার্যবিবরণীতে কোন সংশোধনী/সংযোজনী না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ডাঃ মোঃ আতিয়ার রহমান, Divisional Quality improvement Coordinatory, Khulna . সভায় মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিতকরনে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন।

সভায় বিভিন্ন বিষয়ে আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহণ করা হয়।

| বিষয়   | আলোচনা অগ্রগতি ও সিদ্ধান্ত সমূহ  | বাস্তবায়ন   |
|---|--|--|
| QIC কার্যক্রম এর অগ্রগতি প্রসঙ্গে আলোচনা  | বিনাইদহ জেলার আওতাধীন সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান সমূহে মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করনে QIC কর্তৃক গৃহীত পদক্ষেপ এবং বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা করা হয়। সর্বসম্মতি ক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) কার্যক্রম শুরু পূর্বের অবস্থার চিত্র ধারণ ও পরের অবস্থার চিত্র ধারণ পূর্বক কাজের অগ্রগতি নিরূপন।<br>খ) প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর প্রতি সাইটে WIT গঠন পূর্বক নিয়মিত সভার আয়োজন।<br>গ) প্রতিটি সরকারী ও বেসরকারী স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের সিঁড়ির ধাপসমূহে NCD বার্তা লিখন।<br>ঘ) প্রতিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম (টিভি সেট ব্যবহার করে) জোরদার। | সভাপতি ও QIC এর সম্মানিত সদস্যবৃন্দ                            |
| জেলা QIC কর্তৃক জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতাল এবং বেসরকারী ক্লিনিক, এনজিও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে সুপারভিশন কার্যক্রম জোরদার | মানসম্মত স্বাস্থ্য সেবা নিশ্চিত করনে ফলপ্রসূ সুপারভিশন অতিব জরুরী। সিভিল সার্জন আলোচনায় উল্লেখ্য করেন যে, প্রতিমাসে QIC এর সম্মানিত সদস্যবৃন্দ কে কমপক্ষে মাসে একবার সদর হাসপাতাল ও প্রতি তিন মাসে কমপক্ষে ১/২ টি উপজেলা হাসপাতাল ও অন্যান্য ক্লিনিকে 5S কাইজেন পালন করে সেবার গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে ফলপ্রসূ সুপারভিশন করতে হবে।  | QIC এর সম্মানিত সদস্য বৃন্দ।                                   |
| উপজেলা QIC প্রসঙ্গে।  | সভায় উপজেলা হতে প্রেরিত QIC এর রেজুলেশন পর্যালোচনা করা হয়। ডাঃ দুলাল কুমার চক্রবর্তী, সাধারণ সম্পাদক(বিএমএ) আলোচনায় উল্লেখ্য করেন যে, জেলা পর্যায় থেকে উপজেলা QIC সভায় নির্ধারিত তারিখে উপস্থিত হয়ে তাদের কে সঠিক দিক নির্দেশনা, পরামর্শ দিয়ে উৎসাহিত করা প্রয়োজন। সভায় জেলা পর্যায় থেকে উপজেলা QIC সভায় উপস্থিত থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।  | সিভিল সার্জন ও ডাঃ মোঃ ইমদাদুল হক, সিনিয়র কনসালটেন্ট (গাইনী)। |

সভায় সর্বসম্মত সিদ্ধান্ত মোতাবেক ১। মোঃ আবুল বাশার, জেলা স্বাস্থ্য তত্ত্বাবধায়ক, সিভিল সার্জন অফিস, বিনাইদহ। ২। এম এ সামাদ, সভাপতি, প্রাইভেট ক্লিনিক ও ডায়াগনোস্টিক সেন্টার প্রতিনিধি কে জেলা QIC এর অর্ন্তভুক্ত করা হয়।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ প্রদান পূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

*(স্বাক্ষর)*

(ডাঃ মোঃ আব্দুল হালিম)  
সিভিল সার্জন, বিনাইদহ।

*(স্বাক্ষর)*

স্মারক নং সিএস/বিনাই/শা- ডি.এইচ. এস/২০১৭/৬৩৮/৭

তারিখ- ০২/০২/২০১৭ ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ

০১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- ১২১২।

✓ ০২। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা- ১০০০।


০৩। মহা-পরিচালক, পরিবার কল্যাণ অধিদপ্তর, কাওরানবাজার, ঢাকা।

০৪। পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- ১২১২।

০৫। পরিচালক, (প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা- ~~১২১২~~ <sup>১২১২</sup>।

০৬। ফোকাল পারসন, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট সেক্রেটারিয়েট, স্বাস্থ্য অর্থনীতি, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ১৪/২ তোপখানা রোড (৪র্থ তলা), ঢাকা- ১০০০।

০৭। অফিস নথি।



(ডাঃ মোঃ আব্দুল হালিম)  
সিভিল সার্জন, বিনাইদহ।

১২/০২/১৭  
২০১৭

১২/০২/১৭  
২০১৭